| ২৭। | গ্রাউন্ড রেন্ট প্রতি ১০০ বর্গগজ (বাণিজ্যিক/শিল্প/ প্রাতিষ্ঠানিক) | | ২০০/- (২০০৭ সাল হতে কার্যকর হবে) | | | | |
| ২৮। | লীজ দলিল ফরমের মূল্য | | ৫০০/- | | | | |
| ২৯। | সাইট প্যানের মূল্য (০৪ প্রশ্ন) | | ১০০/- | | | | |
| *৩০। | কমিশনের মাধ্যমে হাজিরা গ্রহণ ফি | | | | | | |
| | ক) | হাজিরা প্রদানকারীর অবস্থান সংশ্লিষ্ট কর্মকর্তার কর্মক্ষেত্রের ০৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে হলে | ৫০০/- | | | | |
| | খ) | হাজিরা প্রদানকারীর অবস্থান সংশ্লিষ্ট কর্মকর্তার কর্মক্ষেত্রের ০৫ কিলোমিটার ব্যাসার্ধের বাইরে হলে | ২,০০০/- | | | | |
| ৩১। | প্লট/ফ্ল্যাট/দোকান/স্পেসের বিকল্প বরাদ্দের সার্ভিস চার্জ | | | | | | |
| | ক) | ১০০০ বর্গফুট আয়তন পর্যন্ত (স্পেস/ফ্ল্যাট) | ২০,০০০/- | | ১২,০০০/- | ১০,০০০/- | |
| | খ) | ১০০১ হতে ১৫০০ বর্গফুট আয়তন পর্যন্ত (স্পেস/ফ্ল্যাট) | ২৫,০০০/- | | ১৫,০০০/- | ১০,০০০/- | |
| | গ) | ১৫০১ বর্গফুট হতে তদুর্ধ্ব (স্পেস/ফ্ল্যাট) | ৩০,০০০/- | | ১৫,০০০/- | ১২,০০০/- | |
| | ঘ) | ২.০০ কাঠা পর্যন্ত (প্লট/বাড়ি) | ৫০,০০০/- | | ৩০,০০০/- | ২০,০০০/- | |
| | ঙ) | ২.০১ কাঠা হতে ৫.০০ কাঠা পর্যন্ত (প্লট/ বাড়ি) | ১,০০,০০০/- | | ৫০,০০০/- | ৩০,০০০/- | |
| | চ) | ৫.০১ কাঠা হতে তদুর্ধ্ব (প্লট/বাড়ি) | ১,৫০,০০০/- | | ১,০০,০০০/- | ৫০,০০০/- | |

| ক্র নং | বিষয় | বিভাগ ভিত্তিক সেবা মূল্য | | | | |
|-----------|-------------|--------------------------|-----------|-------|------------------------------|-----------------------------|
| | | ঢাকা | চট্টগ্রাম | সিলেট | অন্যান্য মেট্রো: এলাকা | অন্যান্য জেলা/ উপজেলা |
| ছ) | কার-পার্কিং | ৫,০০০/- | | | ৩,০০০/- | ২,০০০/- |

বিশেষ দৃষ্টব্য: ১. যে কোন পরিবর্তনের ক্ষেত্রে উপরের পরিবর্তন ফি প্রযোজ্য। তবে কেহ পরিবর্তনের পর সমর্পন করতে ইচ্ছুক হলে সেক্ষেত্রে কর্তনের হার মোট জমাকৃত অর্থের ২০% হবে।

২. প্রাতিষ্ঠানিক/বাণিজ্যিক/শিল্প প্লটের মূল্য/সেবা মূল্যঃ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মূলতঃ আবাসিক, প্রাতিষ্ঠানিক, বাণিজ্যিক, শিল্প প্লট এবং আবাসিক ফ্ল্যাট ও বাণিজ্যিক স্পেস বরাদ্দ এবং পরবর্তী কার্যক্রম করে থাকে। বাণিজ্যিক এবং শিল্প প্লট টেন্ডারের মাধ্যমে সর্বোচ্চ দরদাতার অনুকূলে বরাদ্দ দেয়া হয়। আবাসিক প্লটের সমান্তরালে প্রাতিষ্ঠানিক প্লটের মূল্য বিবেচনা করা হয়। সময়ে সময়ে আবাসিক প্লট এর মূল্য পুনঃনির্ধারণ করা হয়। বরাদ্দ পরবর্তী সময়ে বাণিজ্যিক/শিল্প/প্রাতিষ্ঠানিক প্লটের সেবা মূল্য নিরূপণ এর ক্ষেত্রে মূল্যমান সংশ্লিষ্ট আবাসিক প্লটের মূল্যমানের দেড়গুণ ধরা হয়। (২২২তম বোর্ড সভার ৩০ নম্বর সিদ্ধান্ত) তবে সংশোধিত দেড়গুণ মূল্যমান মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত সমমূল্য হার বহাল থাকবে।

সূত্র: বিভিন্ন বোর্ড সভার সিদ্ধান্ত।

২.৩ সমর্পন ফিঃ

বরাদ্দ গ্রহীতা প্লট / ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্তির পর পূর্ণ / আংশিক মূল্য পরিশোধ করেও প্লট/ ফ্ল্যাট জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর সমর্পণ করতে পারেন। অনুমোদিত সমর্পণের ক্ষেত্রে বরাদ্দপ্রাপকের আংশিক অর্থ কেটে রাখা হয় যা সমর্পণ ফি নামে পরিচিত। সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি/ আরডিপিপি/ প্রসপেক্টাস বা ক্ষেত্রবিশেষ বোর্ডের সিদ্ধান্ত মতে জমাকৃত অর্থের একটি অংশ সমর্পণ ফি হিসেবে কর্তিত হয়। উল্লেখ্য প্লট বা ফ্ল্যাটের বাস্তব দখল হস্তান্তরের পর সমর্পণ করা যায় না। বিভিন্ন প্লট-ফ্ল্যাট প্রকল্পের সমর্পণ ফি তালিকাঃ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন প্রকল্পসমূহের প্লট/ফ্ল্যাট সমর্পণ/বরাদ্দ বাতিলের ক্ষেত্রে কর্তনের হার

| ক্র. নং | প্রকল্পের নাম | কর্তনের হার | বাস্তবায়ন পর্যায় | ডিভিশন | মন্তব্য |
|------------|---|------------------------|-----------------------|------------------|------------------------|
| ১. | ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১০টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (স্বপ্ননগর-১) প্রকল্প। | ২% (৩য় ধাপে ৫%) | বাস্তবায়নাধীন | ঢাকা ডিভিশন-১ | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২. | ঢাকার মিরপুরস্থ ৯ নং সেকশনে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য ১৫টি ১৪তলা বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নির্মাণ (স্বপ্ননগর - ২) প্রকল্প। | ২% (৩য় ধাপে ৫%) | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩. | ঢাকাস্থ লালমাটিয়া হাউজিং এন্ডস্টেট সরকারী কর্মকর্তাদের নিকট বিক্রয়ের জন্য ৭২টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (সংশোধিত ৮৮) | ৫% | বাস্তবায়নাধীন | ঢাকা ডিভিশন-২ | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪. | ঢাকাস্থ লালমাটিয়া হাউজিং এন্ডস্টেট কর্মচারীদের | ৫% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র |

| ক্র. নং | প্রকল্পের নাম | কর্তনের হার | বাস্তবায়ন পর্যায় | ডিভিশন | মন্তব্য |
|---------|--|-------------|--------------------|---------------------------|----------------------|
| | নিকট বিক্রয়ের জন্য ৫৪টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | | | | অনুযায়ী |
| ৫. | ঢাকার মোহাম্মদপুরস্থ লালমাটিয়া হাউজিং এন্ডেটে সরকারী কর্মকর্তাদের জন্য ১০২টি (সংশোধিত ১৫৩টি) ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৬. | মোহাম্মদপুরস্থ “এফ” ব্লকের ১৬তলা বিশিষ্ট ১৫টি ভবনে ১০০০বর্গফুট (৫৪০টি) ও ৮০০ বর্গফুট (৩৬০টি) আয়তনের ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৫% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৭. | ঢাকাস্থ মোহাম্মদপুর হাউজিং এন্ডেটের আসাদ এভিনিউতে (গৃহায়ন কনকটাপা) এবং সাত মসজিদ রোডে (গৃহায়ন দোলনটাপা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (স্ব-অর্থায়ন)। | ৫% | বাস্তবায়নান্বীন | | প্রসপেক্টাস অনুযায়ী |
| ৮. | শেরপুর জেলার শ্রীবন্দী উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নান্বীন | | ডিপিপি অনুযায়ী |
| ৯. | ঢাকার মিরপুর-১৬ নং সেকশনে (খামালকোর্ট) স্বল্প ও মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য (গৃহ-সূচনা) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৫% | বাস্তবায়নান্বীন | মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১০. | ঢাকার মিরপুর-১৫ সেকশনে সরকারী/আধা-সরকারী কর্মকর্তাদের জন্য “জননগর” ৫২০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৫% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১১. | ঢাকার ধানমন্ডি ও মোহাম্মদপুরস্থ বিভিন্ন পরিত্যক্ত বাড়িতে আবাসিক ফ্ল্যাট (গৃহায়ন ধানমন্ডি) নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৫% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১২. | ঢাকার মিরপুর-১৫ নং সেকশনে ১০০টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (স্ব-অর্থায়নে) | ৫% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৩. | ঢাকা জেলার দোহার উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (স্ব-অর্থায়ন)। | ৫% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৪. | কক্সবাজার জেলার সরকারী ভূমিতে আবাসিক ফ্ল্যাট (৪৬৯টি) নির্মাণ প্রকল্প। | ১০% | বাস্তবায়নান্বীন | চট্টগ্রাম ডিভিশন | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৫. | চট্টগ্রামস্থ ফিরোজশাহ ও হালিশর হাউজিং এন্ডেটে ১০ তলা বিশিষ্ট ভবনে মোট ৩৬০টি ফ্ল্যাট আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প (সংশোধিত ৩৪২)। | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৬. | চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় কিসমত জাফরাবাদ মৌজায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ও বানিজ্যিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৭. | চট্টগ্রাম হালিশহর হাউজিং এন্ডেটে “জি” ব্লকে (২৬০টি ফ্ল্যাট) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (৩য় পর্যায়) | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৮. | নোয়াখালী জেলার সোনাপুর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ১৯. | নোয়াখালী জেলার মাইজদীতে (রেলওয়ে লইন সংলগ্ন) সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২০. | চট্টগ্রাম হালিশহর হাউজিং এন্ডেটের “জি” ব্লকে (৩১২টি ফ্ল্যাট) আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। (৪র্থ | ১০% | বাস্তবায়নান্বীন | | বরাদ্দপত্র অনুযায়ী |

| ক্র. নং | প্রকল্পের নাম | কর্তনের হার | বাস্তবায়ন পর্যায় | ডিভিশন | মন্তব্য |
|---------|--|--------------------------------------|--------------------|----------------|---------------------------------|
| | পর্যায়)। | | | | |
| ২১. | চট্টগ্রামস্থ হালিশহর হাউজিং এন্স্টেটের “এ” ব্লকে অত্যাধুনিক এন.এইচ.এ মাল্টিপারপাস টাওয়ার নির্মাণ প্রকল্প। | ১০% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২২. | চট্টগ্রাম জেলার রাঙ্গুনিয়া উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৩. | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৪. | চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্টগ্রাম-রাঙ্গামাটি মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১০% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৫. | চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (সোনাপাহাড় মৌজায়) | ১০% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৬. | চট্টগ্রামের রাউজান উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) | ১০% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৭. | সিলেটের সুনামগঞ্জে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | | বাস্তবায়নাধীন | সিলেট ডিভিশন | - |
| ২৮. | মৌলভীবাজার জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ১৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ২৯. | সিলেট শহরে সীমিত আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ফ্ল্যাট-২% কার- পার্কিং- ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩০. | হবিগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নাধীন | | প্রস্তাবিত প্রসপেক্টাস অনুযায়ী |
| ৩১. | কুষ্টিয়া হাউজিং এন্স্টেটে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। (৪র্থ পর্যায়) | ৫% | বাস্তবায়নাধীন | রাজশাহী ডিভিশন | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩২. | রাজশাহী জেলার তেরখাদিয়ায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৩. | নাটোর জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৪. | কুষ্টিয়া জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (৩য় পর্ব)। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৫. | পাবনা জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৬. | রাজশাহী জেলার ছোটবনগ্রামে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৭. | চাঁপাইনবাবগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৮. | বগুড়া জেলার মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৩৯. | কিনাইদাহ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নাধীন | খুলনা ডিভিশন | প্রসপেক্টাস অনুযায়ী |

| ক্র. নং | প্রকল্পের নাম | কর্তনের হার | বাস্তবায়ন পর্যায় | ডিভিশন | মন্তব্য |
|---------|--|-------------|--------------------|-----------------|---------------------|
| ৪০. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় দাদাভাই উপশর কমার্শিয়াল ও আবাসিক জোন উন্নয়ন প্রকল্প। (২য় পর্যায়) | ৫% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪১. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় দাদাভাই উপশহর আবাসিক জোন উন্নয়ন প্রকল্প। (৩য় পর্ব) | ৫% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪২. | ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৩. | পিরোজপুর জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নাধীন | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৪. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৫. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৬. | গোপালগঞ্জ জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৭. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (৩য় পর্যায়)। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৮. | মাগুরা জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৪৯. | শরিয়তপুর জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫০. | মাদারীপুর জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫১. | মাদারীপুর জেলার শিবচর উপজেলায় 'দাদাভাই' উপশহর সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫২. | খুলনা বয়রা হাউজিং এস্টেট স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫৩. | নড়াইল জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫৪. | যশোর জেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫৫. | খুলনা জেলার ফুলতলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫৬. | দিনাজপুর জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক (১৭৭টি) প্লট উন্নয়ন প্রকল্প। | ৫% | বাস্তবায়নাধীন | দিনাজপুর ডিভিশন | বরাদ্দপত্র অনুযায়ী |
| ৫৭. | দিনাজপুর হাউজিং এস্টেটে ১০-তলা বিশিষ্ট আবাসিক কাম বানিজ্যিক ভবন (১২৯৮ বর্গফুট আয়তনের ৭২টি ফ্ল্যাট) নির্মাণ প্রকল্প। | ৫% | বাস্তবায়িত | | বরাদ্দপত্র অনুযায়ী |

২.৪ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ফ্ল্যাট এবং প্লটের মূল্য নির্ধারণ এবং মূল্য পরিশোধ পদ্ধতি:
 জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত প্লট বা ফ্ল্যাট বরাদ্দকালীন মূল্য সংশ্লিষ্ট প্রকল্পের ডিপিপি (উন্নয়ন প্রকল্প প্রস্তাব) / আরডিপিপি (সংশোধিত উন্নয়ন প্রকল্প প্রস্তাব) অনুযায়ী নির্ধারিত হয়ে থাকে। পুরোনো প্রকল্পের ক্ষেত্রে ভূমির বিক্রয়মূল্য নির্ধারণ এবং সেবামূল্য নির্ধারণের নিমিত্ত সময়ে সময়ে (৪/৫ বৎসর অন্তর) জমির মূল্য পুনঃনির্ধারণ করা হয় সর্বশেষ ২০১৯ সালে পুনঃনির্ধারণ করা হয়েছে।

২.৪.১ ফ্ল্যাটের মূল্য নির্ধারণ এবং মূল্য পরিশোধ পদ্ধতিঃ

- ফ্ল্যাটের মূল্য সাধারণত জমির মূল্য এবং নির্মাণ খরচের সাথে ১০% সার্ভিস চার্জ যোগ করে নির্ধারণ করা হয়ে থাকে।
- ফ্ল্যাটের মূল্য পরিশোধের ক্ষেত্রে ফ্ল্যাটের মূল্যের ৫০% টাকা সমান চার কিস্তিতে বরাদ্দ পত্র জারীর এক মাসের মধ্যে ১ম কিস্তি, এক বছরের মধ্যে ২য় কিস্তি, দুই বছরের মধ্যে ৩য় কিস্তি এবং তিন বছরের মধ্যে ৪র্থ কিস্তি পরিশোধ করতে হবে। ফ্ল্যাটের মূল্যের ৫০% অর্থ পরিশোধ সাপেক্ষে ফ্ল্যাটের বাস্তব দখল বুঝিয়ে দেয়া হয়। অবশিষ্ট ৫০% টাকা ১৬ বছরে ১৯২ কিস্তিতে ৯% সরল সুদে পরিশোধযোগ্য। অবশিষ্ট ৫০% টাকা এককালীন পরিশোধের ক্ষেত্রে ২% সরল সুদ সহ পরিশোধ করতে হবে।
- কোন বরাদ্দগ্রহীতা যদি নির্দিষ্ট সময়ের মধ্যে কিস্তি পরিশোধে ব্যর্থ হন, তবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দ নির্দেশিকা-২০১৮ অনুযায়ী প্রযোজ্য জরিমানা সহ কিস্তি পরিশোধ করতে পারবেন।

২.৪.২ প্লটের মূল্য নির্ধারণ এবং মূল্য পরিশোধ পদ্ধতিঃ

- প্লটের মূল্য সাধারণত জমির মূল্য এবং উন্নয়ন ব্যয়ের সাথে ১০% সার্ভিস চার্জ যোগ করে নির্ধারণ করা হয়ে থাকে।
- প্লটের মূল্য পরিশোধের ক্ষেত্রে প্লটের মূল্য সমান চার কিস্তিতে বরাদ্দ পত্র জারীর এক মাসের মধ্যে ১ম কিস্তি, ১২ মাসের মধ্যে ২য় কিস্তি, ১৮ মাসের মধ্যে ৩য় কিস্তি এবং ২৪ মাসের মধ্যে ৪র্থ কিস্তি পরিশোধ করতে হবে। প্লটের মূল্য পরিশোধ সাপেক্ষে প্লটের বাস্তব দখল বুঝিয়ে দেয়া হয়।
- কোন বরাদ্দগ্রহীতা যদি নির্দিষ্ট সময়ের মধ্যে কিস্তি পরিশোধে ব্যর্থ হন, তবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দ নির্দেশিকা-২০১৮ অনুযায়ী প্রযোজ্য জরিমানা সহ কিস্তি পরিশোধ করতে পারবেন।

প্রকল্প বাস্তবায়ন করতে অনেক সময় নকশা ও পরিবর্তন করতে হয়; প্লট / ফ্ল্যাট সাইজসহ গুণগত পরিবর্তন সাধন করা হয়, যা প্রসপেক্টাস বিজ্ঞপ্তি বা আবেদন সংশ্লিষ্ট ডকুমেন্ট এ উল্লেখ করা হয় এবং আরডিপিপিতে অনুমোদিত হয়। সে অনুযায়ী ডিপিপি বা প্রসপেক্টাস বা প্রাথমিক বরাদ্দপত্রে উদ্ভূত মূল্য কিছুটা কম / বেশী হয়।

২.৪.৩ নিম্ন আয় / বস্তিবাসীদের জন্য ভাড়াভিত্তিক প্ল্যাট প্রকল্পঃ

ক) নিম্ন আয় / বস্তিবাসীদের জন্য প্লট প্রকল্পঃ

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি, বাঙ্গালি জাতির স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উদ্যোগ এবং নির্দেশনায় দেশের প্রত্যন্ত অঞ্চলের নদী ভাঙ্গা ও বাস্তুহারা জনগণের পুনর্বাসনের প্রক্রিয়া শুরু হয়। বঙ্গবন্ধুর অনুরোধে একাধিক দাতা ও উন্নয়ন সংস্থা অবকাঠামোগত সেবা প্রদানে এগিয়ে আসে। ১৯৭২-৭৩ অর্থবছরে গৃহসংস্থান অধিদপ্তরের মাধ্যমে মিরপুর ১১ নং সেকশনে বাউনিয়া মৌজায় বস্তিবাসীদের পুনর্বাসনের জন্যে ৯২.৫০ একর জমি অধিগ্রহণ করে পুনর্বাসন প্রক্রিয়া শুরু হয়। পরবর্তীতে প্রায় ২৬০০ বাস্তুহারা পরিবারের জন্য ৫ টি ব্লকে প্রতিটি পরিবারকে ৪৫০ বর্গফুট জমিতে ৯৬ বর্গফুট কোর হাউজ (৮'-০" x ১২'-০") টিনসেড গৃহ নির্মাণ করে দেয়। দেশের বিভিন্ন স্থানের বস্তিবাসীদের জন্য বাস্তবায়িত প্লট প্রকল্পের তালিকাঃ

- ঢাকার মিরপুরের বাউনিয়া মৌজায় ২৬০০ বাস্তুহারা পুনর্বাসন প্রকল্প।
- গাজীপুরের টঙ্গিস্থ দত্তপাড়ায় বাস্তুহারা পুনর্বাসন প্রকল্প।
- খুলনার খালিশপুর ও বয়রায় বাস্তুহারা পুনর্বাসন প্রকল্প।
- এছাড়া, চট্টগ্রাম, যশোর, সাত্তাহার, দিনাজপুর, রাজশাহী, রংপুর, ঈশ্বরদী ইত্যাদি এলাকায় নিম্ন আয় / বস্তিবাসীদের জন্য পুনর্বাসন প্লট প্রকল্প বাস্তবায়ন করা হয়।

খ) নিম্ন আয় / বস্তিবাসীদের জন্য ফ্ল্যাট প্রকল্পঃ

বস্তিবাসীদের আরো ব্যাপক আকারে আধুনিক আবাসন সুবিধা প্রদানের লক্ষ্যে জাতির পিতার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১৭ সালে বস্তিবাসীদের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর মাধ্যমে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ভাড়াভিত্তিক ফ্ল্যাট প্রকল্প উদ্বোধন করেন।

এটি মিরপুর ১১ নং সেকশনে বাউনিয়া মৌজায় ২.০০ একর জমিতে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পে ৫টি ১৪ তলা ভবন থাকবে সর্বমোট ৫৩৩ টি ভাড়া ভিত্তিক আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। প্রতিটি ফ্ল্যাটে ২টি বেডরুম, ২টি বারান্দা, ১টি সমন্বিত টয়লেট কাম বাথরুম, ১টি লিভিং-কাম-ডাইনিং এবং ১টি রান্নাঘরের সংস্থান রাখা হয়েছে।

প্রতিটি ফ্ল্যাটে দৈনিক ভাড়ার পরিমাণ ১৫০.০০ টাকা এবং মাসিক ভাড়ার পরিমাণ ৪৫০০.০০ টাকা। ভাড়াটিয়াগণ দৈনিক/ সাপ্তাহিক/ মাসিক ভিত্তিতে মাসিক সর্বমোট ৪৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) পরিশোধে বাধ্য থাকেন।

বাংক একাউন্ডে সরাসরি/ বিকাশ/ এম ক্যাশ ইত্যাদি পদ্ধতিতে ভাড়া পরিশোধ করা যায়। প্রকল্প এলাকায় এ লক্ষ্যে ব্যাংকের বুথ স্থাপন করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিব বর্ষের উপহার হিসেবে গত ০৩ আগস্ট ২০২১ তারিখে এই প্রকল্পের ৩০০টি ফ্ল্যাট বস্তিবাসীদের মধ্যে স্বল্প ভাড়ায় হস্তান্তর করেন।

এ প্রকল্পের ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনা মোতাবেক এ ধরনের আরো প্রকল্প গ্রহণের বিষয়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কাজ করছে।

| ভবন নম্বর | গ্রস এরিয়া | নীট এরিয়া | ফ্ল্যাট সংখ্যা | মন্তব্য |
|------------------------|-------------|----------------|----------------|---|
| ০১ | ৬৭৩ বর্গফুট | ৪৯৯.০০ বর্গফুট | ১১৭টি | * ১ হতে ৪ নং ভবনের প্রতি ফ্লোরে ৯টি ইউনিট |
| ০২ | ৬৭৩ বর্গফুট | ৪৯৯.০০ বর্গফুট | ১১৭টি | |
| ০৩ | ৬৭৩ বর্গফুট | ৪৯৯.০০ বর্গফুট | ১১৭টি | |
| ০৪ | ৬৭৩ বর্গফুট | ৪৯৯.০০ বর্গফুট | ১১৭টি | *৫নং ভবনের প্রতি ফ্লোরে ৫টি ইউনিট |
| ০৫ | ৭২০ বর্গফুট | ৪৯৯.০০ বর্গফুট | ৬৫টি | * সকল ভবনের নীচতলা ফাঁকা রাখা হয়েছে। |
| সর্বমোট ফ্ল্যাট সংখ্যা | | | ৫৩৩টি | |

২.৫ প্লট/ ফ্ল্যাট বরাদ্দ প্রক্রিয়া এবং প্রাপ্তির যোগ্যতা:

২.৫.১ ফ্ল্যাট/প্লট বরাদ্দ প্রক্রিয়াঃ

- ফ্ল্যাট নির্মাণ বা প্লট উন্নয়নের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের (উন্নয়ন প্রকল্প প্রস্তাব) ডিপিপি সাধারণত মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী পর্যায়ে অনুমোদিত হয়।
- নির্মিত এ সকল ফ্ল্যাট বা প্লট বিক্রির জন্য পত্রিকায় এবং প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারী করা হয় এবং প্রসপেক্টাস বিক্রি করা হয়। বর্তমানে ব্যাংকের মাধ্যমে প্রসপেক্টাস বিক্রি এবং আবেদন জমা নেয়া হয়।
- আবেদনপত্র যাচাই বাছাই করে বিভিন্ন কোটার জন্য লটারী কমিটির মাধ্যমে লটারী করা হয়।
- লটারীর ফলাফলের ভিত্তিতে বোর্ড সভার অনুমোদনক্রমে ফ্ল্যাট বা প্লটের বরাদ্দপত্র জারী করা হয়।

২.৫.২ প্লট/ফ্ল্যাট প্রাপ্তির যোগ্যতাঃ

- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীর যদি নিজ নামে, স্বামী/স্ত্রী (সরকারি চাকরিজীবী স্বামী/ স্ত্রীর ক্ষেত্রে ব্যতীত), সন্তান/পোষ্য এর নামে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (সাবেক গৃহসংস্থান অধিদপ্তর)/রাজউক (সাবেক ডিআইটি)/অন্য কোন সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে প্রকল্প এলাকায় প্লট/ফ্ল্যাট বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি ফ্ল্যাট বা প্লট প্রাপ্তির জন্য যোগ্য হবেন না।
- ইতোপূর্বে বরাদ্দপ্রাপ্ত প্লট/ফ্ল্যাট বিক্রয়/ হস্তান্তর করে থাকলেও তিনি প্লট/ ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন মর্মে গণ্য হবে এবং তিনি ফ্ল্যাট বা প্লট প্রাপ্তির জন্য যোগ্য হবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দ আদেশ বাতিল সহ এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হয়।
- আবেদনকারীর বয়স ন্যূনতম ২৫ (পঁচিশ) বছর হতে হয়। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কোটায় সর্বোচ্চ একটি প্লট এবং একটি ফ্ল্যাট বরাদ্দ পাওয়া যায়। (সূত্র: ২০৩ তম বোর্ড সভার ০৫ নম্বর সিদ্ধান্ত):

২.৫.৩ দলিল সম্পাদন পদ্ধতি:

বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুযায়ী প্লট / ফ্ল্যাট/ নিউক্লিয়াস বাড়ী/ দোকান উত্যাতির মোট মূল্য পরিশোধিত হলে সংশ্লিষ্ট বরাদ্দ গ্রহীতার অনুকূলে দলিল সম্পাদন করে দেয়া হয়। দলিল সম্পাদনের পূর্বে সংশ্লিষ্ট বরাদ্দগ্রহীত বা তার আমমোক্তার গ্রহীতাকে বাস্তব দখল

হস্তান্তর করা হয়; মূল্য পরিশোধ সাপেক্ষে দায়মুক্তি সনদ দেয়া হয়। আগে আংশিক মূল্য বা ক্ষেত্রমতে কোন মূল্য পরিশোধ ছাড়াই বরাদ্দপত্রের ভিত্তিতে দলিল সম্পাদন করে দেয়া হত। এবস ক্ষেত্রে মূল্য আদায় প্রক্রিয়া চলমান আছে। বিশেষত: সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিক পরবর্তী কোন সেবা গ্রহণের জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট অফিসে আসলে বকেয়া অর্থ আদায় সাপেক্ষে পরবর্তী সেবা প্রদান করা হয়ে থাকে। বকেয়া মূল্য আদায়ের ক্ষেত্রে অপরিশোধিত কিন্তু হারাহারিভাবে বর্তমান মূল্যমান অনুযায়ী আদায় করা হয়ে থাকে।

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের পক্ষে দলিল সম্পাদন করে দেয়ার জন্য একজন কর্মকর্তা নির্দিষ্ট করা আছে। তিনি সাব রেজিস্টার অফিসে গিয়ে অথবা সংশ্লিষ্ট বরাদ্দগ্রহীতার কমিশন অনুযায়ী দলিল সম্পাদন করে দিয়ে থাকেন।

২.৬ ভূমি উইং এর কাজের সম্পাদন স্তরঃ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সহজীকরণের লক্ষ্যে সেবা প্রদান পদ্ধতি ও সময়সীমা নিয়ে পুনঃ নির্ধারণ করা হলোঃ (সূত্র: ১৯৮ তম বোর্ড সভার ০৭ নম্বর সিদ্ধান্ত)

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি ও সময়-সীমা | | |
|---------|---|---|------------------------------------|--|
| | | পদ্ধতি | সময়-সীমা | অনুসন্ধান পর্যায় |
| ১। | হস্তান্তর অনুমতি | হস্তান্তর এবং নামজারী অনুমতি একসঙ্গে প্রধান কার্যালয় হতে প্রদান করা হবে। এ সময় সকল ফি একত্রে আদায় করে হস্তান্তর গ্রহিতার নামে নামজারী অনুমতি প্রদান করা হবে। | ১০ দিন | পরিচালক |
| ২। | নামজারী অনুমতি (ক্রয়/খেলা/ দানসূত্রে/ ওয়ারিশসূত্রে) | আলাদাভাবে নামজারীর আবেদনের প্রয়োজন হবে না। ক্রয়/খেলা/দানপত্রের মাধ্যমে হস্তান্তর অনুমতি প্রদানকালীন সময়ে প্রয়োজনীয় ফি আদায়ক্রমে একত্রে নামজারী অনুমতি প্রদান করা হবে। | ০৩ দিন / ১০ দিন (ওয়ারিশসূত্রে) | পরিচালক/ সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও প্রশাসনিক কর্মকর্তা |
| ৩। | খেলাপী কিস্তির টাকা জমা দেয়ার অনুমতি | এক্ষেত্রে আবেদনের কোন প্রয়োজন হবে না। খেলাপীকাল ১ বছর পর্যন্ত সরাসরি ব্যাংকের মাধ্যমে সুদসহ অর্থ জমা দেয়া যাবে। ১ থেকে ৫ বছরের বেশি খেলাপি হলে চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। | ০৩ দিন | চেয়ারম্যান |
| ৪। | দায়মুক্তি ছাড়পত্র | ২০১০ সালের আগের বিষয় হলে সিটিআর সংগ্রহের মাধ্যমে এবং ২০১০ সালের পরের হলে ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহের মাধ্যমে নিষ্পত্তি করা হবে। | ০৫-১০ দিন | পরিচালক |
| ৫। | ভাঙ্গা ও পুনঃনির্মাণ | ১ম পর্যায়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দস্তুর হতে প্রদান করা হবে। পরবর্তী সময়ে প্রধান কার্যালয়ের অনুমতি নিতে হবে। | ০৪ দিন | নির্বাহী প্রকৌশলী/ উপপরিচালক/ সহকারী পরিচালক |
| ৬। | সময় বর্ধিতকরণ | ফি সরাসরি ব্যাংকে জমা দিতে হবে। ১ম পর্যায়ে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর দস্তুর হতে ০২ বছরের জন্য সময় বৃদ্ধির অনুমতি প্রদান করা হবে। পরবর্তী পর্যায়ে সময় বৃদ্ধির অনুমতি প্রধান কার্যালয়ে হতে নিষ্পত্তি করা হবে। | ০৪ দিন | নির্বাহী প্রকৌশলী/ উপপরিচালক/ সহকারী পরিচালক |
| ৭। | বন্ধক অনুমতি | ফি সরাসরি ব্যাংকে জমা দিতে হবে। | ০৫ দিন | উপপরিচালক/ সহকারী পরিচালক |
| ৮। | প্লট/স্ট্যান্ডের বাস্তব দখল প্রদান | প্রধান কার্যালয় হতে বাস্তব দখল হস্তান্তরের অনুমতি প্রদান করা হবে | ১০দিন | পরিচালক |
| ৯। | একাধিক প্লটের উপর যৌথভাবে নির্মাণ অনুমতি | মাঠ পর্যায়ে প্রতিবেদন ই-মেইল গ্রহণ করা হবে। | ১০দিন | চেয়ারম্যান |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান শক্তি ও সময়-সীমা | | |
|---------|---|---|-----------|--|
| | | পদ্ধতি | সময়-সীমা | অনুমোদন পর্যায় |
| ১০। | দান/হেবা অনুমতি | দান/হেবার মাধ্যমে হস্তান্তর এবং নামজারী অনুমতি একসঙ্গে প্রদান কার্যালয় হতে প্রদান করা হবে। এ সময় সকল ফি একত্রে আদায় করে দান/হেবা গ্রহিতার নামে নামজারী অনুমতি প্রদান করা হবে। নামজারীর জন্য আলাদাভাবে আবেদনের প্রয়োজন হবে না। | ০৭ দিন | পরিচালক |
| ১১। | খন্ড প্রট বরাদ্দ | বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ (সংশোধিত ২০১৬) এর শর্ত প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা হবে। | ১২০ দিন | ভূমি বরাদ্দ কমিটি ও বোর্ড |
| ১২। | প্রট বিতরণিকরণ ও প্রট একত্রীকরণ অনুমতি | বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ (সংশোধিত ২০১৬) এর শর্ত প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা হবে। | ২০ দিন | চেয়ারম্যান |
| ১৩। | নিয়মানু/ নিউক্লিয়াস বাড়ী বরাদ্দ | মাঠ পর্যায়ের প্রতিবেদন ই-মেইল গ্রহণ করা হবে। | ২৮ দিন | বোর্ড |
| ১৪। | আধাপাকা টিনশেড বাড়ী বরাদ্দ | মাঠ পর্যায়ের প্রতিবেদন ই-মেইল গ্রহণ করা হবে। | ২৮ দিন | বোর্ড |
| ১৫। | লীজ দলিল রেজিস্ট্রেশন | লীজ দলিল সম্পাদনের অনুমতির জন্য আলাদাভাবে আবেদন করার প্রয়োজন নেই। দায়মুক্তি প্রদানের সাথে লীজ/হিজারা দলিল রেজিস্ট্রির অনুমতি দেয়া হবে | ০৭ দিন | সদস্য |
| ১৬। | আম-মোক্তার নিয়োগের অনুমতি | অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হবে। | ০৭ দিন | পরিচালক |
| ১৭। | আম-মোক্তার গ্রহণনামা | দলিলসহ অনলাইনে আবেদনপত্র গ্রহণ করা হবে। | ০৭ দিন | পরিচালক |
| ১৮। | কনভারশন/ বুপায়র অনুমতি | মাঠ পর্যায়ে প্রতিবেদন ই-মেইল গ্রহণ করা হবে। | ৩০ দিন | বোর্ড |
| ১৯। | বিকল্প প্রট বরাদ্দ | মাঠ পর্যায়ে প্রতিবেদন ই-মেইল গ্রহণ করা হবে। | ৬০ দিন | বোর্ড |
| ২০। | ভাড়াটিয়া নিয়োগের অনুমতি | আবেদন প্রাপ্তির ০৫ দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে | ০৫ দিন | উপপরিচালক/ সহকারী পরিচালক |
| ২১। | ডি-টাইপ/ বেড সিটার/ নিউকলোনীর ফ্ল্যাট বরাদ্দ | আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে। | ৩০ দিন | বোর্ড |
| ২২। | পুনর্বাসন প্রট বরাদ্দ | সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে যৌক্তিক ও গ্রহণযোগ্য সময়ের মধ্যে নিষ্পত্তি করা হবে। | | বোর্ড |
| ২৩। | লটারীর পর আবাসিক প্রট/ফ্ল্যাটের বরাদ্দপত্র জারী | লটারীর ফলাফল বোর্ড সভায় অনুমোদনের পর আবাসিক প্রট/ফ্ল্যাটের বরাদ্দপত্র জারী করা হবে। | ৩০ দিন | নির্বাহী প্রকৌশলী/ উপপরিচালক/ সহকারী পরিচালক |
| ২৪। | শিল্প প্রট বরাদ্দ | সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ১২০ দিনের মধ্যে নিষ্পত্তি করা হবে। | ১২০ দিন | বোর্ড |
| ২৫। | বাণিজ্যিক প্রট বরাদ্দ | বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ (সংশোধিত ২০১৬) এর শর্ত প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা হবে। | ১৫০ দিন | বোর্ড |
| ২৬। | প্রাতিষ্ঠানিক প্রট বরাদ্দ | বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০০৮ (সংশোধিত ২০১৬) এর শর্ত প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা হবে। | ১২০ দিন | বোর্ড |

২.৭ সেবা প্রাপ্তির ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টের তথ্যঃ

২.৭.১ হস্তান্তর/সেবা/দানঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের সত্যায়িত কপি।
- (গ) মূল দলিলের অবিকল নকল।
- (ঘ) মূল্য পরিশোধ এর ছাড়পত্র।
- (ঙ) দাতা ও গ্রহীতার সদ্য তোলা সত্যায়িত ২ কপি করে ছবি।
- (চ) গ্রহীতার নমুনা স্বাক্ষর।
- (ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (জ) আবেদনপত্র ২ কপি।

২.৭.২ ক্রয়সূত্রে নামজারীঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) ৩০০/- টাকার স্ট্যাম্প নোটারীকৃত হলফনামা।
- (ঘ) সদ্য তোলা ২ কপি সত্যায়িত ছবি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) ক্রয় দলিল রশিদের উভয় পৃষ্ঠার সত্যায়িত কপি।
- (ছ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৩ বন্ধকঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) মূল্য পরিশোধ এর ছাড়পত্র।
- (ঘ) সদ্য তোলা ২ কপি সত্যায়িত ছবি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৪ ওয়ারিশ সূত্রে নামজারী:

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) মূল্য পরিশোধের ছাড়পত্রের কপি।

- (ঘ) ওয়ারিশ সনদপত্র।
- (ঙ) ৩০০/- টাকার স্ট্যাম্প নোটারীকৃত হলফনামা।
- (চ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে।
- (ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (জ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৫ আম-মোক্তার নিয়োগঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) মূল্য পরিশোধের ছাড়পত্রের কপি।
- (ঘ) মনোনীত আম-মোক্তারের নমুনা স্বাক্ষর ও সদ্যতোলা ২ কপি সত্যায়িত ছবি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৬ আম-মোক্তার গ্রহণঃ

- (ক) আম-মোক্তার নামা দলিলের অবিকল নকল।
- (খ) আম-মোক্তার নামা দলিলের রশিদের উভয় পৃষ্ঠার সত্যায়িত কপি।
- (গ) ৩০০/- টাকার স্ট্যাম্প নোটারীকৃত হলফনামা।
- (ঘ) দাতা গ্রহীতার সদ্য তোলা ২ কপি করে সত্যায়িত ছবি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) আম-মোক্তার নিয়োগ অনুমতির কপি।
- (ছ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৭ দায়মুক্তির ছাড়পত্র:

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) সর্বশেষ নামজারীর সত্যায়িত কপি।
- (গ) সকল চালানের কপি।
- (ঘ) সদ্য তোলা সত্যায়িত ছবি ১ কপি করে
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৮ পুনঃ নির্মাণঃ

- (ক) মূল দলিলের সত্যায়িত কপি।
- (খ) দলিলের অবিকল নকল।
- (গ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে
- (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (ঙ) আবেদনপত্র ২ কপি।

২.৭.৯ যৌথ ইমারত নির্মাণঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) ৩০০/- টাকার স্ট্যাম্পে উভয় প্লটের মালিকের চুক্তিপত্র।
- (ঘ) উভয়ের সদ্য তোলা ২ কপি করে সত্যায়িত ছবি।
- (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (চ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১০ ওয়ারিশসূত্রে সংশোধিত বরাদ্দপত্রঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) টাকা জমার চালান এর সত্যায়িত কপি।
- (গ) ওয়ারিশান সনদপত্র মূল কপি।
- (ঘ) মৃত্যু সনদপত্র।
- (ঙ) ৩০০/- টাকার স্ট্যাম্পে নোটারীকৃত হলফনামা।
- (চ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে।
- (ছ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (জ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১১ বকেয়া কিস্তি জমাঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) সর্বশেষ চালানের কপি।
- (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (ঘ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১২ প্লট একত্রি করণ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।

- (খ) দলিলের অবিকল নকল।
- (গ) নামজারী অনুমতির কপি।
- (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (ঙ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১৩ নিউক্লিয়াস বাড়ী বরাদ্দঃ

- (ক) বাড়ীর দখল ক্রয় সংক্রান্ত কাগজপত্রাদি।
- (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (গ) ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যায়নপত্র।
- (ঘ) ৩০০/- টাকার স্ট্যাম্প নোটারীকৃত হলফনামা।
- (ঙ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১৪ বিকল্প প্লট বরাদ্দঃ

- (ক) বরাদ্দপত্রের সত্যায়িত কপি।
- (খ) টাকা জমার চালানের কপি।
- (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (ঘ) সদ্য তোলা সত্যায়িত ছবি ১ কপি করে।
- (ঙ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১৫ আখাপাকা টিনসেড বাড়ী বরাদ্দঃ

- (ক) দখল ক্রয়ের দখলের প্রমানের সত্যায়িত কাগজপত্র।
- (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (গ) বাংলাদেশ সচিবালয়ের ২০ মাইল এর মধ্যে আর কোন বাড়ী নেই মর্মে হলফনামা।
- (ঘ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে।
- (ঙ) ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যায়নপত্র।
- (চ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১৬ প্লট, বাড়ী, ফ্ল্যাট বরাদ্দের ডুপ্লিকেট কপিঃ

- (ক) সংশ্লিষ্ট থানার জিডি এন্ট্রির মূল কপি।
- (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- (গ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে।
- (ঘ) চাহিত কাগজপত্রের তালিকা উল্লেখ করে আবেদনপত্র ২ কপি।

২.৭.১৭ লীজ দলিল রেজিস্ট্রি করণঃ

- (ক) দায়মুক্তি ছাড়পত্রের সত্যায়িত কপি।
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে দখলপত্র।
- (গ) আবেদনপত্র ২ কপি।

২.৭.১৮ সময় বর্ধিত করণঃ

- (ক) দায়মুক্তি ছাড়পত্রের সত্যায়িত কপি।
- (খ) মূল দলিলের অবিকল নকল।
- (গ) সদ্য তোলা সত্যায়িত ছবি ২ কপি করে।
- (ঘ) আবেদনপত্র ২ কপি।

৩.০ বিভিন্ন গুরুত্বপূর্ণ কমিটি/ ফোকাল পয়েন্ট/ কর্মকর্তা ইত্যাদি

৩.১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ

| ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তাঃ | |
|-----------------------------|--|
| পদবী | : সচিব |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২২২৩৩৮৭৮৫৯ |
| ই-মেইল | : secretary@nha.gov.bd |
| খ) বিকল্প কর্মকর্তা | |
| পদবী | : উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২২২৩৩৫৬৫১৮ |
| ই-মেইল | : dd at@nha.gov.bd |

৩.২ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতিঃ

| ক) ফোকাল পয়েন্ট কর্মকর্তাঃ | |
|-----------------------------|--|
| পদবী | : পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২৯৫৫৫২২১ |
| ই-মেইল | : director_admin@nha.gov.bd |
| খ) বিকল্প কর্মকর্তা | |
| পদবী | : উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২২২৩৩৫৬৫১৮ |
| ই-মেইল | : dd_at@nha.gov.bd |

৩.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমঃ

| ক্রমিক নং | পদবী | পদ |
|--------------|---|---------------|
| ০১ | সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) | টিম লিডার |
| ০২ | নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন) | ফোকাল পয়েন্ট |
| ০৩ | পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | সদস্য |
| ০৫ | সহকারী প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন) | সদস্য |
| ০৬ | সহকারী প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন) | সদস্য |
| ০৭ | সহকারী প্রোগ্রামার (কম্পিউটার সেল) | সদস্য |

৩.৪ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের তথ্য প্রদানকারী কর্মকর্তাঃ

| ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ | |
|-------------------------------|--|
| পদবী | : পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২৯৫৫৫২২১ |
| ই-মেইল | : director_admin@nha.gov.bd |
| খ) বিকল্প কর্মকর্তা | |
| পদবী | : সচিব |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২২২৩৩৮৭৮৫৯ |
| ই-মেইল | : secretary@nha.gov.bd |
| গ) আপীল কর্মকর্তা | |
| পদবী | : সদস্য (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২৯৫৫৫৭৪৪ |
| ই-মেইল | : member_admin@nha.gov.bd |

৩.৫ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জনস্বার্থ সংশ্লিষ্ট সুরক্ষা প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ

| | |
|------------|--|
| পদবী | : পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : +৮৮০২৯৫৫৫২২১ |
| ই-মেইল | : director_admin@nha.gov.bd |

৩.৬ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনাঃ

| ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ | | |
|-------------------------------|---|--|
| পদবী | : | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : | +৮৮০২৯৫৫৫২২১ |
| ই-মেইল | : | director_admin@nha.gov.bd |
| খ) বিকল্প কর্মকর্তা | | |
| পদবী | : | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ঠিকানা | : | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : | +৮৮০২২২৩৩৫৬৫১৮ |
| ই-মেইল | : | dd_at@nha.gov.bd |
| গ) আপীল কর্মকর্তা | | |
| পদবী | : | সদস্য (প্রশাসন ও অর্থ) |
| ঠিকানা | : | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, গৃহায়ন ভবন, ৮২, সেগুনবাগিচা, ঢাকা। |
| ফোন/মোবাইল | : | +৮৮০২৯৫৫৫৭৪৪ |
| ই-মেইল | : | member_admin@nha.gov.bd |

৩.৭ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ইনোভেশন টিমঃ

| ক্রমিক নং | পদবী | পদ |
|-----------|--|----------------|
| ০১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন) | ইনোভেশন অফিসার |
| ০২ | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | সদস্য |
| ০৩ | সহকারী প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন) | সদস্য |
| ০৪ | সহকারী প্রোগ্রামার (কম্পিউটার সেল) | সদস্য |
| ০৫ | সহকারী পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) | সদস্য |
| ০৬ | প্রোগ্রামার (কম্পিউটার সেল) | সদস্য-সচিব |

৩.৮ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প স্টিয়ারিং কমিটি (PSC) :

| ক্রমিক নং | পদবী | পদ |
|--------------|--|---------------|
| ০১ | সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সভাপতি |
| ০২ | চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৩ | সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৪ | সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৫ | যুগ্ম সচিব (উন্নয়ন) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ০৬ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৭ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৮ | প্রতিনিধি (সংশ্লিষ্ট উইং), পরিকল্পনা কমিশন | সদস্য |
| ০৯ | প্রতিনিধি (সংশ্লিষ্ট উইং), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| ১০. | প্রতিনিধি (মনিটরিং সেল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | উপ-প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১২ | সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৪ | নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৫ | নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৬ | প্রকল্প পরিচালক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য সচিব |

৩.৯ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) :

| ক্রমিক নং | পদবী | পদ |
|--------------|---|------------|
| ০১ | চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সভাপতি |
| ০২ | সদস্য (প্রকৌশল ও সমন্বয়), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৩ | সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৪ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংশ্লিষ্ট সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৫ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ০৬ | প্রতিনিধি (সংশ্লিষ্ট উইং), পরিকল্পনা কমিশন | সদস্য |
| ০৭ | প্রতিনিধি (সংশ্লিষ্ট উইং), বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| ০৮ | উপ-প্রধান, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ০৯ | প্রতিনিধি (মনিটরিং সেল), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১১ | নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১২ | নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৩ | নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ১৪ | প্রকল্প পরিচালক, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | সদস্য সচিব |

৩.১০ ছুটিকালীন সময়ে স্থানাপন্ন কর্মকর্তা সংক্রান্ত অফিস আদেশঃ

(স্মারক নং-২২/৯০/২৯১ তারিখঃ ২৮/০৫/২০০৫ ইং)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ও প্রশাসনিক সুবিধার্থে অত্র কর্তৃপক্ষের সদর দপ্তর ঢাকার সেগুনবাগিচাস্থ গৃহায়ন ভবনে কর্মরত নিম্নবর্ণিত পদধারী কর্মকর্তাগণের ছুটিকালীন সময়ে তাদের স্থানাপন্ন পার্শ্ববর্ণিত কর্মকর্তাগণ দায়িত্ব পালন করবেন।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের পদবী ও দপ্তরের নাম | স্থানাপন্ন কর্মকর্তার পদবী ও দপ্তরের নাম |
|--------------|---|---|
| ১ | সদস্য (প্রশাসন ও অর্থ) | সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) |
| ২ | সদস্য (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) | সদস্য (প্রশাসন ও অর্থ) |
| ৩ | সদস্য (প্রকৌশল ও সমন্বয়) | সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) |
| ৪ | সদস্য (পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প) | সদস্য (প্রকৌশল ও সমন্বয়) |
| ৫ | উপ-প্রধান স্থপতি | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প) |
| ৬ | পরিচালক (প্রশাসন ও অর্থ) | পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) |
| ৭ | পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৮ | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | উপ-পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৯ | উপ-পরিচালক (অর্থ ও হিসাব) | উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ১০ | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১) | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-২) |
| ১১ | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-২) | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১) |
| ১২ | আইন কর্মকর্তা | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-১) |
| ১৩ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প) |
| ১৪ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন) |
| ১৫ | নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন) | নির্বাহী প্রকৌশলী (ই/এম) ডিভিশন |
| ১৬ | নির্বাহী প্রকৌশলী (ই/এম) ডিভিশন | নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা ও ডিজাইন ডিভিশন) |
| ১৭ | সচিব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ১৮ | সহকারী পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) | উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা-২) |

৩.১১ ভূমি বরাদ্দ কমিটিঃ (সূত্র: বোর্ড সভা ২০০ এবং ২০৬)

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মালিকানাধীন টিনশেড বাড়ি/নিউক্লিয়াস বাড়ি/খন্ড প্লট/বিকল্প প্লট বরাদ্দ/বেডসিটার ফ্ল্যাট/ডুইপ প্রকল্পভুক্ত প্লট/কুয়ার্ড প্রকল্পভুক্ত প্লট/সাইট এন্ড সার্ভিসেস প্রকল্পভুক্ত প্লট/ধর্মীয়/শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক প্রাতিষ্ঠানিক প্লট বরাদ্দের নিমিত্ত দু'টি রূপরেখা এবং পৃথক কার্যপরিধি বিশিষ্ট নিয়মরূপ ভূমি বরাদ্দ কমিটি রয়েছে।

